# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৫৭৩

৫১/ দু’আ রাসুলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত (كتاب الدعوات عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সুদিনের অপেক্ষা করা ইত্যাদি

باب فِي انْتِظَارِ الْفَرَجِ وَغَيْرِ ذَلِكَ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الدَّارِمِيُّ، أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ، عَنِ ابْنِ ثَوْبَانَ، عَنْ أَبِيهِ، عَنْ مَكْحُولٍ، عَنْ جُبَيْرِ بْنِ نُفَيْرٍ، أَنَّ عُبَادَةَ بْنَ الصَّامِتِ، حَدَّثَهُمْ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " مَا عَلَى الأَرْضِ مُسْلِمٌ يَدْعُو اللَّهَ بِدَعْوَةٍ إِلاَّ آتَاهُ اللَّهُ إِيَّاهَا أَوْ صَرَفَ عَنْهُ مِنَ السُّوءِ مِثْلَهَا مَا لَمْ يَدْعُ بِمَأْثَمٍ أَوْ قَطِيعَةِ رَحِمٍ " . فَقَالَ رَجُلٌ مِنَ الْقَوْمِ إِذًا نُكْثِرَ . قَالَ " اللَّهُ أَكْثَرُ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ وَابْنُ ثَوْبَانَ هُوَ عَبْدُ الرَّحْمَنِ بْنُ ثَابِتِ بْنِ ثَوْبَانَ الْعَابِدُ الشَّامِيُّ .

বাংলা

৩৫৭৩. আবদুল্লাহ ইবন আবদুর রহমান (রহঃ) ..... উবাদা ইবন সামিত রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ পৃথিবীর উপর যত মুসলিম আছে তারা যখন আল্লাহর কাছে দু’আ করে তখন আল্লাহ তা’আলা হয়ত তাকে সে যা চেয়েছে তা দিয়ে দেন বা এর ফলে অনুরূপ কোন মন্দ পরিণাম তিনি দূরীভূত করে দেন যদি না সে কোন পাপকার্যের বা আত্মীয়তার সম্পর্ক ছিন্ন করার দু’আ করে। উপস্থিত লোকেদের মধ্য থেকে এক ব্যক্তি তখন বললঃ তাহলে আমরা অনেক বেশী বেশী দু’আ করব। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আল্লাহ তা’আলাও আরো বেশী করে তা কবূল করবেন।

হাসান, তা’লীকুর রাগীব ২/২৭১, ২৭২, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৫৭৩ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি এই সূত্রে হাসান-সাহীহ-গারীব। ইবন ছাওবান (রহঃ) হলেন, আবদুর রহমান ইবন ছাবিত ইবন ছাওবান, ইনি একজন শামবাসী আবিদ-বুযর্গ ব্যক্তি।

## English

Jubair bin Nufair narrated that `Ubadah bin As-Samit narrated to them that,

the Messenger of Allah (ﷺ) said:
“There is not a Muslim upon the earth who calls upon Allah with any supplication, except that Allah grants it to him, or he turns away from him the like of it in evil; as long as he does not supplicate for something sinful, or the severing of the ties of kinship.” So a man from the people said: “What if we should increase (in it)” He (ﷺ) said: “(With) Allah is more.”

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ উবাদা ইব্‌নুস সামিত (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38975

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন